গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ই আষাঢ় ১৩৯৬/১লা জুলাই, ১৯৮৯ ইং।

**এস,আর,ও নং ২৩৪-আইন/৮৯।**—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নির্দেশ দিলেন যে, কোম্পানী নহে এইরূপ কোন করদাতা ১৯৮৯-৯০ কর বৎসরের আয়কর রিটার্নের "অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়" খাতে কোন আয় ঘোষণা করিলে অনুরূপ ঘোষিত আয়ের উপর অনুচ্ছেদ ২ এর বিধান সাপেক্ষে, ২০% হারে আয়কর প্রদেয় হইবে। এইরূপ ক্ষেত্রে ঘোষিত আয়ের উৎস সম্পর্কে কোন প্রশ্ন করা হইবে না:

তবে শর্ত থাকে যে, ১৯৮৯-৯০ কর বৎসরের অব্যবহিত পরবর্তী বৎসরে "অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়" খাতে নির্দিষ্ট উৎস হইতে যে আয় করাদাতা তাঁহার রিটার্নে দেখাইয়াছেন এবং যাহার উপর স্বাভাবিক হারে করারোপ করা হইয়াছে সেই প্রকারের আয় এই রেয়াতি হারের শ্রেণীভুক্ত হইবে না।

২। প্রথম অনুচ্ছেদের অধীন ঘোষিত আয়ের ৯০% ১লা জুলাই, ১৯৮৯ হইতে দুই বৎসরের মধ্যে কোন নূতন শিল্পে বিনিয়োগ করা হইলে উক্ত ঘোষিত আয়ের উপর ২০% হারের পরিবর্তে ১০% হারে আয়কর প্রদেয় হইবে।

**ব্যাখ্যা**।- এই অনুচ্ছেদে উল্লিখিত "শিল্প বিনিয়োগ" অভিব্যক্তিতে নিম্নরূপ বিনিয়োগ বুঝাইবে, যথাঃ-

(ক) দ্রব্যাদি উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণে বিনিয়োগ;

(খ) যন্ত্রপাতি, প্লান্টস, যন্ত্রাদি এবং সর্ব প্রকার সরঞ্জাম প্রস্তুতকরণে বিনিয়োগ;

(গ) দফা (ক) বা (খ) তে বর্ণিত বিনিয়োগ ব্যাপৃত কোন কোম্পানীর নতুন শেয়ার বা ষ্টকে এই শর্তে বিনিয়োগ যে সংশ্লিষ্ট বিনিয়োগকারী উক্ত শেয়ার বা স্টক ক্রয়ের তারিখ হইতে দুই বৎসরের মধ্যে হস্তান্তর করিতে পারিবেন না।

৩। (১) প্রথম অনুচ্ছেদ বা অনুচ্ছেদ ২ এর অধীন সুবিধা পাইতে হইলে রিটার্ন দাখিলের সময় বা তৎপরেই প্রথম অনুচ্ছেদ বা, ক্ষেত্রমত, অনুচ্ছেদ ২ এর বিধান অনুযায়ী প্রদেয় আয়কর পরিশোধ করিতে হইবে।

(২) যদি কোন করদাতা প্রথম অনুচ্ছেদের অধীন ঘোষিত আয় অনুচ্ছেদ ২ অনুযায়ী কোন নূতন শিল্পে বিনিয়োগের ইচ্ছা প্রকাশ করিয়া ১০% হারে আয়কর পরিশোধ করেন, কিন্তু পরবর্তীতে উক্ত অনুচ্ছেদে উল্লিখিত সময়ের মধ্যে অনুরূপ বিনিয়োগ করিতে ব্যর্থ হন তাহা হইলে উক্ত ঘোষিত আয়ের উপর ২০% হারে আয়কর প্রদেয় হইবে এবং উক্ত আয়করের যে অংশ ১০% হারে পরিশোধিত আয়করের অধিক হইবে সেই অংশ উহার (অপরিশোধিত অংশের) উপর বার্ষিক ১৫% হারে সরল সুদসহ প্রদেয় হইবে।

৪। করদাতার "মোট আয়" নির্ণয়ের উদ্দেশ্যে প্রথম অনুচ্ছেদে উল্লিখিত আয়ের অংক অন্যান্য আয়ের সহিত একীভূত করা হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**আলী রেজা খান**
অতিরিক্ত সচিব

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd